প্রথম আলো

করোনাভাইরাস

# করোনার পরের জটিলতায় বেশি ভুগছেন নারী : গবেষণা

**বিশেষ প্রতিনিধি** ঢাকা



*প্রতীকী ছবি*

কোভিড-পরবর্তী জটিলতা পুরুষদের তুলনায় নারীদের মধ্যে দেড় থেকে চার গুণ পর্যন্ত বেশি। অন্যদিকে ৪০ বছরের কম বয়সীদের তুলনায় ৬০ বছরের বেশি বয়সী কোভিড থেকে সেরে ওঠা ব্যক্তিদের মধ্যে হৃদ্‌যন্ত্রের জটিলতা ও স্নায়ুবিক জটিলতার ঝুঁকি দ্বিগুণ।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) ও আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্রের (আইসিডিডিআরবি) যৌথ গবেষণায় এসব তথ্য জানা গেছে।

By using this site, you agree to our Privacy Policy. OK

বিএসএমএমইউতে কোভিড-পরবর্তী জটিলতা নিয়ে করা এই গবেষণার তথ্য প্রকাশ করা হয় *ছবি : প্রথম আলো*

আজ মঙ্গলবার বিএসএমএমইউতে কোভিড-পরবর্তী জটিলতা নিয়ে করা এই গবেষণার তথ্য প্রকাশ করা হয়। বিএসএআইডির অর্থায়নে এই গবেষণা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন আইসিডিডিআরবির নির্বাহী পরিচালক অধ্যাপক তাহামিদ আহমেদ। উপস্থিত ছিলেন উপাচার্য মো. শারফুদ্দিন আহমেদ। ঢাকার দুটি হাসপাতালে ২০২০ সালের ১৫ ডিসেম্বর থেকে ২০২১ সালের ৩০ অক্টোবরের মধ্যে চিকিৎসা নেওয়া ৩৬২ জন রোগীর ওপর এই গবেষণা হয়েছে। ১৮ বছর বয়সী এসব রোগীদের রোগ শনাক্ত হয়েছিল আরটি-পিসিআর পরীক্ষার মাধ্যমে। এসব রোগীদের সেরে ওঠার এক মাস, তিন মাস ও  পাঁচ মাস পর তাঁদের ফলোআপ করা হয়।

গবেষণায় মূলত স্নায়বিক, শ্বাসযন্ত্র, হৃদ্‌যন্ত্র ও মানসিক সমস্যা-সংশ্লিষ্ট বিষয়গুলো অন্তর্ভুক্ত ছিল। গবেষণায় দেখা গেছে, ডায়াবেটিসে আক্রান্ত রোগীরা কোভিড থেকে সেরে ওঠার পর ওষুধ সেবন করা সত্ত্বেও রক্তচাপ ও রক্তে শর্করার পরিমাণ অনিয়ন্ত্রিত ছিল।

হাসপাতালে নিবিড় পরিচর্যাকেন্দ্রে (আইসিইউ) ভর্তির প্রয়োজন ছিল এমন রোগীদের জটিলতা হাসপাতালে ভর্তির প্রয়োজন হয়নি—এমন রোগীদের চেয়ে তিন গুণ বেশি ছিল।

বিএসএমএমইউয়ের উপাচার্য অধ্যাপক শারফুদ্দিন আহমেদ বলেন, কোভিড সারা শরীরেই ক্ষতি করে। নিজের অভিজ্ঞতায় দেখেছি কোভিডের কারণে চোখের নানা সমস্যা দেখা দিয়েছে। অনেকে কোভিড থেকে সেরে ওঠার পর ঘুমাতে পারেন না। এ নিয়ে আরও গবেষণা হওয়া দরকার।

By using this site, you agree to our Privacy Policy.

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.